

শুভেচ্ছা বাণী



ক-রী মোঃ হাবিবুর রহমান

মহাসচিব

বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে কুরআন তা'লীম ফাউন্ডেশন
সততাপাড়া, পাওয়ার হাউজ, হামদহ, বিনাইদহ



আলহামদুলিল্লাহ,

প্রথমে কৃতজ্ঞতা জানাই সেই মহান দরবারে, যিনি আমাদের সৃষ্টির সেরা জীব হিসাবে সৃষ্টি করেছেন। লক্ষ কোটি দরুদ সেই মহান দরদী নাবীর প্রতি। সেই দরদী নাবীর কথা বলতে আমার কণ্ঠ থেকে বেরিয়ে আসে, “এসো মুমিন দরুদ পড়ি খুশি করি নাবীকে,” নাবী বিনে কাল হাশরে সাফায়েত করিবেন কে?”

সেই মহান ব্যক্তির জন্য আমার প্রাণঢালা অভিনন্দন ও হৃদয় নিংড়ানো ভালবাসা এবং অন্তরের অন্তঃস্তরের শুভেচ্ছা। যিনি আবিষ্কারক, গবেষক ও লেখক বিশুদ্ধ হুন্দমালার জনক ক-রী হাফেজ মোহাম্মদ মাজিদুল ইসলাম, সভাপতি, বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে কুরআন তা'লীম ফাউন্ডেশন।

সাজ সাজ রবে যখন এসেছিল আমাদের মাঝে বাংলা নববর্ষ, তখন বেজে উঠেছিল আনন্দের ঘণ্টা ও এসেছিল আনন্দের মুহূর্ত। ঠিক তেমনি আমাদের দেশের প্রত্যন্ত অঞ্চলগুলো ছিল অন্ধকারাচ্ছন্ন, কুরআনী শিক্ষা থেকে বঞ্চিত এবং কুরআনী শিক্ষা ছিল একটি অবহেলিত শিক্ষা এবং কুরআনের আলো থেকে পিছিয়ে ছিল আমাদের এই মুসলিম সমাজ। ঠিক সেই মুহূর্তে বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে কুরআন তা'লীম ফাউন্ডেশন-এর আবিষ্কারক আমাদের দেশের মানুষের কুরআন শিক্ষার জন্য নতুন এবং অতি সহজ পদ্ধতি আবিষ্কার করেন। সহজে কুরআন শিক্ষার আসর এবং একমাসে কুরআন তা'লীমে শিক্ষক শিক্ষিকা হওয়ার পদ্ধতি, যেটা থেকে জ্ঞান অর্জন করতে পেরে আমাদের সবার মুখে ফুটেছে নতুন কথা এবং হৃদয়ে জেগেছে নতুন আশা, চোখে ফুটেছে সম্ভাবনার স্বপ্ন এবং সেইসাথে আমাদের ২০১৩ সালে স্মরণিকা প্রকাশ পেয়ে আমরা ধন্য, ধন্য সমস্ত জাতি। মহান আল্লাহ তা'য়ালা আমাদের এই ফাউন্ডেশন অর্থাৎ বিশুদ্ধ বিজ্ঞান পদ্ধতিতে কুরআন তা'লীম ফাউন্ডেশনকে কবুল করুন। ‘আমীন’।

“ঐ বুঝি ঘোর কেটেছে, ভোর হয়েছে ঐ,
ডালিম ডালে ডাকছে পাখি কইরে তোরা কই।”

“মিনার থেকে আযান হাঁকে রফিক মুয়াজ্জিন,
সারাদেশে বাজে আজ বিশুদ্ধ বিজ্ঞানের বীণ।”

মোঃ হাবিবুর রহমান

(ক-রী মোঃ হাবিবুর রহমান)